

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সংস্থাপন-২ শাখা  
(www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.১৬০.২০১৪-৩১

তারিখঃ ১১-০২-২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব আবু বিন আলম, সহকারী পরিচালক হিসেবে বিভাগীয় শ্রম দপ্তর, খুলনায় কর্মরত (বর্তমানে সহকারী পরিচালক পদে শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহীতে কর্মরত) থাকাকালীন বিভাগীয় শ্রম দপ্তর খুলনার সহকারী পরিচালক মিসেস কনক রাণী বসু বর্ণনামতে জনাব আবু বিন আলমের অসৌজন্যমূলক আচরণে অতিষ্ঠ হয়ে পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনার নিকট লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত লিখিত অভিযোগে তার বিরুদ্ধে অফিস অভ্যন্তরে অসদাচরণ, অপমানমূলক কথা বলা, বদলীর ভয়ভীতি দেখানো, কনিষ্ঠ কর্মচারীদের সামনে তিরস্কার করা, মহিলা বলে সম্বোধন, একমাত্র সন্তানকে অযোগ্যবলাসহ অন্যান্য অভিযোগ উত্থাপন করেন। অভিযোগটি মন্ত্রণালয়ে প্রেরিত হলে সহকারী পরিচালক মিসেস কনক রাণী বসু কর্তৃক আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মো: মিজানুর রহমান উপপরিচালক (পরিচালক, অতি: দায়িত্ব) কে তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে বিভাগীয় শ্রম দপ্তর, খুলনার প্রাক্তন সহকারী পরিচালক জনাব আবু বিন আলম এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে সত্য মর্মে মতামত প্রদান করায় তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণ পূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়। এ পরিপ্রেক্ষিতে তিনি অভিযোগনামার জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানী চেয়ে সচিব বরাবর আবেদন করেন। ০৪/১২/২০১৮ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় সচিব তাঁর শুনানী গ্রহণ করেন। তার স্বহস্তে লিখিত জবাব পর্যালোচনা করা হয়। লিখিত বক্তব্যে জনাব আবু বিন আলম পুন:তদন্তের আবেদন জানান এবং ব্যক্তিগত শুনানীতে তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। তিনি অভিযোগকারী কর্মকর্তা কনক রানী বসুকে দিদি বলে সম্বোধন করতেন মর্মে শুনানিতে জানান। সার্বিক দিক বিবেচনা করে ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করার লক্ষ্যে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (২)(ঘ) অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে গত ২৩/১২/২০১৮ তারিখে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

যেহেতু জনাব আবু বিন আলম, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত অভিযোগ এ মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি গত ০৫/০১/২০১৯ ও ০৬/০১/২০১৯ তারিখ ২ দিন সরেজমিনে পরিদর্শন করেন এবং তদন্ত কার্যক্রম সম্পন্ন করেন। তদন্তকালে অভিযোগকারী ও সাক্ষীগণের সাক্ষ্য, অভিযুক্ত কর্তৃক সাক্ষীগণকে জেরা, একজন সাফাই সাক্ষীর বক্তব্য এবং ১ম তদন্তকারী কর্মকর্তা-এর (পরিচালক অঃ দাঃ, বিভাগ শ্রম দপ্তর, খুলনা) সাথে আলোচনা করে অভিযুক্ত কর্তৃক অভিযোগকারীকে “এই মহিলা” বলে সম্বোধন করার বিষয়টি সঠিক বলে মতামত ব্যক্ত করা হয়েছে। আনীত অন্যান্য অভিযোগসমূহ আংশিক সত্য মর্মে তদন্ত কমিটি মনে করে।

যেহেতু জনাব আবু বিন আলম সহকারী পরিচালক আইআরআই রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত প্রতিবেদন লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী ও তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে জনাব আবু বিন আলম কর্তৃক মিসেস কনক রানী বসু কে “এই মহিলা” বলে সম্বোধন করার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তবে জনাব আবু বিন আলমের বিরুদ্ধে আনীত অন্যান্য অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সার্বিক বিবেচনায় তাকে গুরুদণ্ডের পরিবর্তে লঘুদণ্ডে দণ্ডিত করা ন্যায়সংগত এবং যৌক্তিক মর্মে প্রতীয়মান।

সেহেতু জনাব আবু বিন আলম, সহকারী পরিচালক আইআরআই রাজশাহীর বাৎসরিক বেতন বৃদ্ধি সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (২) এর (খ) অনুযায়ী আদেশ জারীর তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য স্থগিত থাকার দণ্ড প্রদান করা হল। তিনি দণ্ডের মেয়াদ শেষে কোন বকেয়া অর্থ প্রাপ্য হবেন না। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আফরোজা খান)

সচিব


শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

তারিখঃ ১১-০২-২০১৯ খ্রিঃ

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.১৬০.২০১৪-৩১/১(৬)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
- ৬। জনাব আবু বিন আলম, সহকারী পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী।

  
১১.২.২০১৯  
(দিল আফরোজা বেগম)  
উপসচিব (সংস্থাপন-২)

ফোন-৯৫৭৭১৪০

[section10@mole.gov.bd](mailto:section10@mole.gov.bd)